

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
বুড়িচং, কুমিল্লা।



তারিখঃ ২২/০৪/২০২১খিঃ

স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.৪১.১৪১.২১- ৫৮

বিষয়ঃ ত্রাণ কার্য (নগদ) অর্থ ইউনিয়ন ওয়ারী পুনঃ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০৫৯.২০-৭৩৭, তারিখ : ২১/০৪/২০২১খিঃ।
২। জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-৫১.০১.১৯৯.০২৫.৪২.০০২.২০.২৪৭, তারিখ : ০৭ এপ্রিল, ২০২১খিঃ।
৩। জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-০৫.২০.১৯০০.০১৪.৩২.০০২.২০.২৩৪, তারিখ : ০৫/০৪/২০২১খিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিস্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন রমজান উপলক্ষে এ উপজেলার প্রতি ইউনিয়নে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ত্রাণ কার্য (নগদ) খাতে সর্বমোট ২২,৫০,০০০/- (বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপ্রাপ্ত নগদ অর্থ নিম্নবর্ণিত ৯টি ইউনিয়নের নামের পার্শ্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুকূলে বর্ণিত শর্তাবলীর আলোকে পুনঃ বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়ন পরিষদের নাম	উপকারভোগীর সংখ্যা	ত্রাণ কার্য (নগদ) এর পরিমাণ (টাকা)	চেক নং
১.	রাজাপুর ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
২.	বাকশীমুল ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৩.	বুড়িচং ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৪.	মোলনল ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৫.	পীরযাত্রাপুর ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৬.	ময়নামতি ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৭.	মোকাম ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৮.	ভারেল্লা (উঃ) ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
৯.	ভারেল্লা (দঃ) ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	
সর্বমোট =		৪,৫০০ জন	২২,৫০,০০০/- (বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	

শর্তাবলী:

- ১। তালিকা প্রণয়নে ও বিতরণে মাননীয় সংসদ সদস্যকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।
- ২। বরাদ্দকৃত অর্থ বিতরণে মন্ত্রিপরিষদ বিভাগের ১২.০৪.২০২১খিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০নং স্মারকে কোডিত-১৯ এর বিস্তারিত লক্ষ্যে সার্বিক কার্যাবলি/চলাচলে বিশি-নিষেধ আরোপ করায় কর্মহীন হওয়া ব্যক্তিদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৩। এ বরাদ্দকৃত ত্রাণ কার্য (নগদ) অর্থ হতে উপকারভোগী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে বিতরণ করতে হবে।
- ৪। দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সরকারী অন্যান্য ভাতাভোগী এ সহায়তার অর্ন্তভুক্ত হবেন না।
- ৫। ইউনিয়ন মানবিক সহায়তা কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৬। ত্রাণ কার্য (নগদ) অর্থ বিতরণে উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি এ নগদ-অর্থ না পায়।
- ৭। মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কমিটির মাধ্যমে তালিকা প্রণয়ন করে সভার কার্যবিবরণী সহকারে আগামী ২৫/০৪/২০২১খিঃ মধ্যে বিনা ব্যতর্কীয় ০২(দুই) প্রস্থ তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান

.....ইউপি (সকল)

বুড়িচং, কুমিল্লা।

মোহাম্মদ শাব্বিনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার

বুড়িচং, কুমিল্লা

ফোনঃ ০৮০২৯-৫৬১০০

unoburichang1@gmail.com

তারিখঃ /০৪/২০২১খিঃ

স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.৪১.১৪১.২১-

অনুলিপি: সদয় অবগতির/অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কুমিল্লা-০৫।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।
- ৫। উপজেলা কর্মকর্তা ও ট্যাগ অফিসার, ইউনিয়ন, বুড়িচং, কুমিল্লা।

৬। চেয়ারম্যান.....ইউপি(সকল), বুড়িচং, কুমিল্লা। তাকে পুনঃবরাদ্দকৃত ত্রাণ কার্য (নগদ) অর্থ উভোলন পূর্বক ইউপি কার্যালয়ে ২৫/০৪/২০২১খিঃ তারিখের মধ্যে ইউপি সদস্য ও ইউনিয়ন তদারকি কর্মকর্তার উপস্থিতিতে অনুমোদিত তালিকা মোতাবেক প্রতি পরিবারকে ৫০০/- (পাঁচশত) টাকা হারে মাষ্টাররোলের মাধ্যমে অর্থ বিতরণের জন্য অনুরোধ করা হলো। ত্রাণ কার্য (নগদ) অর্থ বিতরণের ০৩ (তিন) দিনের মধ্যে মাষ্টাররোল তদারকি কর্মকর্তার স্বাক্ষরসহ এ অফিসের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।